বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১১১

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
২৯ এপ্রিল ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: পুঁজিবাজারে আস্থা বৃদ্ধির লক্ষ্যে বিএসইসি'র তাৎক্ষনিক কর্মপরিকল্পনা।**

অদ্য ২৯ এপ্রিল ২০২৫ রোজ মঙ্গলবার তারিখে দেশের পুঁজিবাজারে আস্থা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)-এ একটি জরুরি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (প্রতিমন্ত্রী পদমর্যাদা) ড. আনিসুজ্জামান চৌধুরী, বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব জনাব নাজমা মোবারেক, বিএসইসি'র কমিশনার জনাব মুঃ মোহসিন চৌধুরী, বিএসইসি'র কমিশনার জনাব মোঃ আলী আকবর, বিএসইসি'র কমিশনার জনাব ফারজানা লালারুখ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্মসচিব ড. দেলোয়ার হোসেন, পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্সের প্রতিনিধি এবং বিএসইসি'র নির্বাহী পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন।

উক্ত সভায় পুঁজিবাজারে আস্থা বৃদ্ধির নিমিত্তে তাৎক্ষনিক কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় তাৎক্ষনিকভাবে নিম্নোক্ত কর্মপরিকল্পনা গ্রহণের উপর গুরুত্বারোপ করা হয়। কর্মপরিকল্পনা নিম্নরূপ:

১। **স্টক ইনডেক্স এর নিয়মিত নিম্নমুখীতার মূল কারণ উদঘাটন:** যে সমস্ত ইন্সট্রুমেন্ট/স্টক ইনডেক্সে বেশি প্রভাব ফেলে সেসকল ইন্সট্রুমেন্ট/স্টক বিশ্লেষণ করতঃ মার্কেট সার্ভেইল্যান্সের মাধ্যমে উক্ত স্টকে সেল প্রেসার ছিল কিনা তার প্রকৃত কারণ উদঘাটন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

২। **বিনিয়োগ সাক্ষরতা ও বিনিয়োগ সচেতনতার উন্নয়নে ব্যবস্থা গ্রহণ:**

- ইলেক্ট্রনিক মিডিয়াতে টকশো এবং বিনিয়োগ শিক্ষা কার্যক্রম পরিচালনা করা;
- বিআইসিএম ও বিএএসএম কে পুঁজিবাজার সংশ্লিষ্ট শিক্ষণীয় ভিডিও তৈরিতে সম্পৃক্ত করা;
- ফেইসবুক ও ইউটিউব ব্যবহার করে পুঁজিবাজারে ইতিবাচক বার্তা প্রদান এবং সাধারণ বিনিয়োগকারীদের সচেতনতা বৃদ্ধি করা।

৩। **প্রাথমিক গণপ্রস্তাবের মাধ্যমে মৌলভিত্তিসম্পন্ন কোম্পানির শেয়ার তালিকাভুক্তিকরণ:**

- পুঁজিবাজারে রাষ্ট্র মালিকানাধীন লাভজনক কোম্পানির শেয়ার অফ-লোড করণ;
- বহুজাতিক কোম্পানির শেয়ার পুঁজিবাজারে তালিকাভুক্তিকরণ;
- টেক্সটাইল ও ফার্মাসিউটিক্যাল খাতের দেশীয় লাভজনক কোম্পানির শেয়ার পুঁজিবাজারে তালিকাভুক্তিকরণ।

৪। **অতালিকাভুক্ত কোম্পানিগুলোকে পুঁজিবাজারে তালিকাভুক্তিতে উৎসাহিতকরণ:**

- আকর্ষণীয় কর ছাড় সুবিধা প্রদান;
- ব্যাংকিং খাত হতে দীর্ঘমেয়াদি অর্থায়ন সীমিতকরণ;
- দীর্ঘমেয়াদি অর্থায়নের উৎস হিসেবে পুঁজিবাজারকে প্রতিষ্ঠিতকরণ।

৫। **পুঁজিবাজারের উন্নয়নের জন্য নিয়ন্ত্রক সংস্থাগুলোর মধ্যে সমন্বয় বৃদ্ধি:** পুঁজিবাজারের উন্নয়নের জন্য দেশের আর্থিক খাতের সংশ্লিষ্ট নিয়ন্ত্রক সংস্থাগুলোর মধ্যে সমন্বয় বৃদ্ধি করে সমন্বিত উদ্যোগ গ্রহণ করা।

৬। **আসন্ন জাতীয় বাজেটে বিনিয়োগকারীদের কর ছাড় সুবিধার অন্তর্ভুক্তি:**

- লভ্যাংশ আয়ের উপর কর ছাড় সুবিধা প্রদান;
- পুঁজিবাজারে বিনিয়োগের উপর কর ছাড় সুবিধা প্রদান।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

২৯/০৪/২০২৫

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র

